দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAR 1987
পৃষ্ঠা 1 [redacted] 3



গতকাল (শনিবার) হইতে এস, এস, সি, পরীক্ষা শুরু হইয়াছে —ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (শনিবার) এসএসসি পরীক্ষার প্রথম দিনে মোটামুটি শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা।

ঢাকার মীরপুর কেন্দ্র হইতে গতকাল একজন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। রাজশাহী বোর্ডের চেয়ারম্যান জানান, ঠাকুরগাঁয়ের পীরগঞ্জ কেন্দ্র হইতে গতকাল ৩৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। একই জেলার রানীশংকৈল কেন্দ্র হইতে বহিষ্কৃত হয় ১ জন পরীক্ষার্থী। কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান জানান, দেবীদ্বার গঙ্গামণ্ডল কেন্দ্র হইতে ২ জন ও ফেনী ফাজেলপুর কেন্দ্র হইতে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ইত্তেফাকের দাউদকান্দি সংবাদদাতা জানান, দাউদকান্দির

( ৭ম পৃঃ দ্রঃ )

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

গৌরীপুর উচ্চ বিদ্যালয় হইতে ৫ জন ও দাউদকান্দি উচ্চ বিদ্যালয় কেন্দ্র হইতে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। যশোর হইতে নিজস্ব প্রতিনিধি জানান, যশোর জেলা স্কুল কেন্দ্রসহ কয়েকটি কেন্দ্রে ব্যাপক হারে নকল চলিতেছে। ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা জানান, বাঞ্ছারামপুর কেন্দ্র হইতে গতকাল ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। চুয়াডাঙ্গা সংবাদদাতা জানান, জেলার বিভিন্ন কেন্দ্র হইতে গতকাল ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী গতকাল চাঁদপুরের কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান রাজধানীতে কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

নরসিংদী সংবাদদাতা টেলিফোনে জানান, গতকাল নরসিংদী কেন্দ্রে অসদুপায় অবলম্বের জন্য ১৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার এবং বেলাবো উপজেলায় পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গ করায় ১ জনকে গ্রেফতার করা হইয়াছে।

বগুড়া সংবাদদাতার তারঃ জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বের অভিযোগে ২৩ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করা হইয়াছে।

নীলফামারী সংবাদদাতা জানান, নীলফামারী জেলার ৬টি কেন্দ্র হইতে ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। পরীক্ষা কেন্দ্রে গোলযোগ করার অভিযোগে পুলিশ নীলফামারী কেন্দ্রে একজন পরীক্ষার্থীসহ ৭ জনকে গ্রেফতার করিয়াছে।